গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৪৩.০০১.১৮-৩৭৭

তারিখ: ৭ কার্তিক ১৪২৬
২৩ অক্টোবর ২০১৯

**পরিপত্র**

বিষয়: সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতায় 'সমন্বিত উপবৃত্তি কর্মসূচি' (HSP) বাস্তবায়ন।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতায় 'Improving Access & Retention Through Harmonized Stipend Program (HSP)' শীর্ষক স্কিমটি ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। স্কিম বাস্তবায়নের নিমিত্ত স্কিমের আওতায় ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি সুবিধা এবং ২০২০ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণি থেকে শুরু করে পর্যায়ক্রমে মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষার্থীর টিউশন ফি মওকুফ করে এর বিপরীতে প্রতিষ্ঠানসমূহকে টিউশন সহায়তা প্রদানের সংস্থান রয়েছে। স্কিমের আওতায় সমাপ্ত সেকায়েপ প্রকল্পভুক্ত ২৫০ উপজেলার শিক্ষার্থীদের ২০১৮ শিক্ষাবর্ষের বকেয়া উপবৃত্তি ও টিউশন ফি সুবিধা প্রদানেরও সংস্থান রয়েছে।

০২। এসইডিপি'র HSP স্কিমের আওতায় জুলাই'২০১৯ থেকে শ্রেণিভিত্তিক নিম্নোক্ত উন্নীত হার অনুযায়ী উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে:

(টাকায়)

| শ্রেণি | শ্রেণিভিত্তিক সুবিধাদির হার | | | | বার্ষিক মোট |
|---|---|---|---|---|---|
| | উপবৃত্তি (মাসিক) | টিউশন (মাসিক) | পরীক্ষার ফি (বার্ষিক) | বই (বার্ষিক) | |
| ৬ষ্ঠ | ২০০ | ৩৫ | | | ২৮২০ |
| ৭ম | ২০০ | ৩৫ | | | ২৮২০ |
| ৮ম | ২৫০ | ৩৫ | | | ৩৪২০ |
| ৯ম | ৩০০ | ৫০ | | | ৪২০০ |
| ১০ম | ৩০০ | ৫০ | ১০০০ | | ৫২০০ |
| ১১শ-বিজ্ঞান | ৪০০ | ৮০ | | ১৫০০ | ৭২৬০ |
| ১১শ-অন্যান্য | ৪০০ | ৬৫ | | ১০০০ | ৬৫৮০ |
| ১২শ-বিজ্ঞান | ৪০০ | ৮০ | ১৫০০ | | ৭২৬০ |
| ১২শ- অন্যান্য | ৪০০ | ৬৫ | ১২০০ | | ৬৭৮০ |

০৩। সেকায়েপ প্রকল্পভুক্ত এলাকায় বকেয়াসহ জুন'২০১৯ পর্যন্ত সময়ের উপবৃত্তি ও টিউশন ফি এর ক্ষেত্রে সেকায়েপ প্রকল্পের অনুমোদিত হার প্রযোজ্য হবে। স্কিমের আওতায় একটি শিক্ষাবর্ষে দুটি সেমিস্টারের (জানুয়ারি-জুন ও জুলাই-ডিসেম্বর) উপবৃত্তি ও টিউশন সুবিধা প্রদান করা হবে। উপবৃত্তি ও টিউশন ফি সুবিধা প্রাপ্তি অব্যাহত রাখার জন্য নির্বাচিত শিক্ষার্থীকে নিম্নে বর্ণিত শর্তসমূহ পালন করতে হবে:

(ক) পূর্ববর্তী ৬ (ছয়) মাসের স্কুল দিবসে শ্রেণি কক্ষে গড় উপস্থিতি ৭৫% থাকতে হবে।

(খ) বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(গ) অবিবাহিত থাকতে হবে।

০৪। বর্ণিত HSP স্কিমের আওতায় শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপ্রণালী অনুসরণ করতে হবে:

(ক) সেকায়েপ প্রকল্পভুক্ত ২৫০ উপজেলার শিক্ষার্থীদের ২০১৮ সালের ৬ষ্ঠ শ্রেণির ও ২০১৯ সালের ৭ম শ্রেণির উপবৃত্তি প্রদানের সুবিধাভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ২০১৯ শিক্ষাবর্ষে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে ছাত্র ও ছাত্রীর অনুপাত ১:৩ ও দারিদ্রের ভিত্তিতে সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন করতে হবে। এক্ষেত্রে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য শ্রেণিতে অধ্যয়নরত মোট ছাত্র সংখ্যার ১৫% এবং মোট ছাত্রী সংখ্যার ৪৫% নির্বাচন করতে হবে, তবে বালক বিদ্যালয় ও মাদ্রাসার ক্ষেত্রে শ্রেণির মোট শিক্ষার্থীর ১৫% ছাত্র এবং বালিকা বিদ্যালয় ও মাদ্রাসার ক্ষেত্রে শ্রেণিতে মোট শিক্ষার্থীর ৪৫% ছাত্রীকে দারিদ্রের ভিত্তিতে নির্বাচন করতে হবে। শতকরা হার অনুযায়ী নির্ধারিত সংখ্যা ভগ্নাংশ হলে ০.৫ বা এর অধিক ভগ্নাংশ মানকে পরবর্তী পূর্ণ সংখ্যায় রূপান্তর করা যাবে;

(খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা কমিটি (এসএমসি/এমএমসি) প্রাথমিক খসড়া তালিকা প্রণয়ন করে তা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ১০ কার্যদিবসের জন্য প্রদর্শন করবে। উক্ত সময়ের মধ্যে নোটিশ বোর্ডে প্রতর্শিত তালিকার বিষয়ে কোন আপত্তি বা সংশোধনী থাকলে তা নিষ্পত্তি করে সংশোধিত তালিকা অনুমোদন করবেন;

(গ) সংশোধিত তালিকা শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্যসহ প্রতিষ্ঠান প্রধানের লগইন আইডির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন ই.এম.আই.এস সিস্টেমের (emis.gov.bd) উপবৃত্তি সংক্রান্ত নির্ধারিত অনলাইন ফরমে এন্ট্রি করবেন;

(ঘ) এন্ট্রি সম্পন্ন করার পর দুই কপি প্রিন্ট নিয়ে প্রতিষ্ঠান প্রধান এবং ব্যবস্থাপনা কমিটির (এসএমসি/ এমএমসি) প্রধানের স্বাক্ষরসহ এক কপি সংরক্ষণ করবেন এবং এক কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা দেবেন;

(ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তালিকা নিজ দপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন এবং সাত কার্যদিবসের মধ্যে এ বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হলে আপত্তি বিবেচনাক্রমে প্রয়োজনে শুনানী গ্রহণ, প্রতিষ্ঠান পরিদর্শন, আপত্তিকৃত শিক্ষার্থীর পারিবারিক অবস্থা পরিদর্শন ইত্যাদির মাধ্যমে আপত্তি নিষ্পত্তি করবেন;

(চ) প্রতিষ্ঠানের প্রদত্ত তালিকার সাথে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সংযোজিত তালিকার পার্থক্য শতকরা ২০ ভাগের বেশী হলে জেলা শিক্ষা কর্মকর্তার নিকট অনুমোদনের জন্য প্রেরণ করতঃ অনুমোদন গ্রহণ করবেন;

(ছ) চূড়ান্ত অনুমোদিত তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিজ লগইন আইডির মাধ্যমে চূড়ান্ত

তালিকা প্রেরণ করবেন;

(জ) এরূপ উপবৃত্তির সুবিধাভোগী চূড়ান্ত করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য মোট প্রাপ্যতা ও ছাত্র-ছাত্রী অনুপাত অতিক্রম করা যাবে না;

(ঝ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত সুবিধাভোগী শিক্ষার্থীর চূড়ান্ত তালিকার হার্ড কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, জেলা শিক্ষা অফিস এবং স্কিম অফিসে প্রেরণ করবেন;

(ঞ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে সুবিধাভোগী শিক্ষার্থীর চূড়ান্ত তালিকা প্রাপ্তির পর প্রতিষ্ঠান প্রধান অনলাইনে দাখিলকৃত তালিকায় প্রয়োজনীয় সংশোধন করবেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিকৃত সংশোধিত তালিকা যাচাই করে প্রতিপাদন করবেন;

(ট) উপরোক্ত (ক) থেকে (ঞ) ক্রমিকে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;

(ঠ) ২০১৭ শিক্ষাবর্ষে সেকায়েপ এর আওতায় ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণ ইতোপূর্বে এতদসংক্রান্ত শর্ত প্রতিপালন করলে কেবল পুনঃপৌনিক সুবিধাভোগী (Repeated Beneficiary) হিসেবে ২০১৮ ও ২০১৯ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট প্রযোজ্য উচ্চতর শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচিত হবে;

(ড) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সিস্টেমে প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত পুনঃপৌনিক সুবিধাভোগী শিক্ষার্থীদের প্রাপ্যতা সংক্রান্ত মনিটরিং ছক পূরণ করে প্রাপ্যতা নিশ্চিত করবেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস তা প্রত্যয়ন করবেন;

(ঢ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নতুন নির্বাচিত সুবিধাভোগীদের তালিকা এন্ট্রি করার সময় এবং পুনঃপৌনিক সুবিধাভোগীদের মনিটরিং তথ্য পূরণ করার সময় সকল সুবিধাভোগীর নির্ভুল মোবাইল ব্যাংক হিসাব এন্ট্রি করতে হবে। এন্ট্রিকৃত মোবাইল ব্যাংক হিসাবে স্কিম কর্তৃপক্ষ কর্তৃক যথানিয়মে উপবৃত্তির অর্থ প্রেরণ করা হবে;

(ণ) কেবল সেকায়েপ এর সাথে চুক্তিভুক্ত ছিল এমন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উপরোল্লিখিত সুবিধা ও প্রক্রিয়া প্রযোজ্য হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন অন্যান্য উপবৃত্তি প্রকল্পসমূহ মেয়াদ শেষে বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীসহ HSP স্কিমের আওতাভুক্ত হবে। সে সব প্রতিষ্ঠানের নতুন সুবিধাভোগী নির্বাচন বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে।

০৫। এসইডিপি'র HSP স্কিমের আওতাভুক্ত সকল উপজেলার ২০২০ শিক্ষাবর্ষ থেকে ৬ষ্ঠ শ্রেণি এবং জুলাই ২০১৯ থেকে ১১শ শ্রেণির উপবৃত্তির সুবিধাভোগী নির্বাচনের বিস্তারিত প্রক্রিয়া পরবর্তীতে যথাসময়ে অবহিত করা হবে।

২৩-১০-২০১৯

আহমদ শামীম আল রাজী

যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২, কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৪) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

৫) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ব্যানবেইস, পলাশী নীলক্ষেত, ঢাকা

৬) যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অতিরিক্ত সচিব), সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

৭) প্রকল্প পরিচালক (সকল), উপবৃত্তি প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৮) যুগ্ম সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৯) আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১১) জেলা শিক্ষা অফিসার (সকল)

১২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রেরণের নির্দেশনাসহ)

১৩) অফিস কপি/মাস্টার কপি